

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.০৯.০৩১.১৪.৫১৮

তারিখ : ০৬ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সএ ২য় সভার কার্যবিবরণী সংক্রান্ত।

সূত্র : ৩৭.০০.০০০০.০৬৫.৪১.০০৪.২০১৫-৫৭০, তারিখ : ২১ সেপ্টেম্বর ২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ে “ ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স” এর ২য় সভা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং “ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স” এর চেয়ারপার্সন এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচ্য বিষয়-৫ এ শিক্ষাক্ষেত্রে ডিজিটাল রূপান্তর কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

- ৭.১ : পর্যায়ক্রমে সকল পর্যায়ের সকল পাঠ্যপুস্তকের ডিজিটাল কন্টেন্ট প্রস্তুত করতে হবে।
- ৭.২ : সকল শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি বিষয়ক শিক্ষক নিয়োগ এবং প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৭.৩ : পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন এবং তার সক্রিয়ভাবে ব্যবহার অব্যাহত রাখতে হবে।
- ৭.৪ : সকল শিক্ষা প্রতিষ্ঠানে দ্রুতগতির ইন্টারনেট সেবা নিশ্চিত করতে হবে।
- ৭.৫ : পর্যায়ক্রমে সকল শিক্ষার্থীর হাতে সাশ্রয়ী মূল্যে ডিজিটাল ডিভাইস পৌছানোর উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৭.৬ : শিক্ষাক্ষেত্রে ডিজিটালাইজেশনের জন্য একটি রোড ম্যাপ করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় বিষয়টি সমন্বয় করবে।

০২। বর্ণিতব্যবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষর অস্পষ্ট
(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং ক/অ/৩০০(২)

তারিখ : ২১/১১/২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। অসীম কুমার কর্মকার, সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, অত্র বোর্ডের সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সংরক্ষণ নথি।

(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।
ফোনঃ ০৪২১-৬৮৬৩৮

০৬/১১/১৫